

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল আজ খোলা হইবে

(ইত্তেফাক রিপোর্ট)  
 সিঙিকিটের সিদ্ধান্ত অনুযায়ী  
 আজ (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যা-  
 লয়ের সকল হল ছাত্র-ছাত্রীদের  
 জন্য খুলিয়া দেওয়া হইবে। গত-  
 কাল (মঙ্গলবার) হল অফিস খুলিয়া  
 দেওয়া হয়।  
 ক্যাম্পাসের নিরাপত্তার ব্যাপারে  
 কর্তৃপক্ষ গতকালও কোন সুস্পষ্ট

সিদ্ধান্ত গ্রহণ করে নাই। তবে  
 কয়েকটি হলের গেটে পুলিশ  
 মোতায়েন করা হইতে পারে।  
 (সম পৃ: ৪-এর ক: ডঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল (১ম পৃষ্ঠার পর)

এদিকে গতকালও ঢাকা  
 বিশ্ববিদ্যালয়ে বিচ্ছিন্নভাবে ক্লাস  
 অনুষ্ঠিত হয়। কলাভবন, মধুর  
 কেবিন এলাকায় বিভিন্ন ছাত্র  
 সংগঠন পৃথক পৃথক মিছিল  
 ও সমাবেশের আয়োজন করে।  
 ক্যাম্পাসে রিকশা ছাড়া কোন  
 যানবাহন প্রবেশ করিতে দেওয়া  
 হয় নাই।

**ডাকসুর বিবৃতি:** ঢাকা বিশ্ব-  
 বিদ্যালয় প্রসঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের  
 প্রেস বিজ্ঞপ্তির বক্তব্যের নিন্দা  
 করিয়া ডাকসুর এক বিবৃতি প্রদান  
 করিয়াছে। বিবৃতিতে বলা হয়,  
 বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ফণু  
 করিয়া এবং সিঙিকিটকে পাশ  
 কাটাইয়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যা-  
 দেশের মাধ্যমে ঢাকা বিশ্ব-  
 বিদ্যালয় বন্ধ ঘোষণার পর 'সিঙি-  
 কেটই বিশ্ববিদ্যালয় খুলিতে পারে'  
 শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এইহন  
 বক্তব্য শোভা পায় না। বিবৃতিতে  
 অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠান অধ্যা-  
 দেশ বাতিলের আহ্বান জানান হয়।

116